

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

সেগুনবাগিচা, ঢাকা

নম্বর ৪ ০৮.০১.০০০০.০১১.০৯.০১৮.১৯-১৭৪

তারিখ: ০৮ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ  
২২ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ


অফিস আদেশ

বিষয়: করোনা (কোভিড-১৯) ভাইরাস প্রতিরোধে জরুরি নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক আদিষ্ঠ হয়ে জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাপী করোনা (কোভিড-১৯) ভাইরাসের ব্যাপক প্রসার ও সংক্রমনের পরিপ্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ডের অধীনস্থ কাস্টমস ও ভ্যাট অনুবিভাগের সকল দপ্তরসমূহকে এই মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, করোনা ভাইরাসের (কোভিড-১৯) গৎসংক্রমণ রোধে নিম্নোক্ত সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে:-

- (ক) বিপুল জনসমাগম হয় এমন সকল প্রকার কার্যক্রম বন্ধ রাখা/ নিরুৎসাহিত করা;
- (খ) কাস্টমস হলরুমসহ বিপুল সংখ্যক সেবা প্রার্থীর সমাগম হয় এবং স্থানে/ কার্যক্রমে ন্যূনতম সংখ্যক সেবাগ্রহীতার অংশগ্রহণ নিশ্চিত করে জনসমাগম কমানো;
- (গ) দপ্তরে প্রবেশমুখে পর্যাপ্ত সাবান-পানির সংস্থান রাখা যাতে সকল কর্মকর্তা/ কর্মচারিসহ স্টেকহোল্ডারগণ হাত ঘোতকরণসহ স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক নির্ধারিত স্বাস্থ্যবিধি মেনে দপ্তরে প্রবেশ করেন;
- (ঘ) সংশ্লিষ্ট সকলকে হ্যান্ড স্যানিটাইজার ও মাস্ক ব্যবহারে উৎসাহিতকরণ; এবং
- (ঙ) শ্বাসকষ্টসহ, হাঁচি, কাশি, সর্দিজ্জর রয়েছে এমন কাউকে করোনা ভাইরাসে আক্রান্ত মর্মে ধারনা করা গেলে তার দপ্তরে আগমন বিরত রেখে স্থানীয় প্রশাসনকে অবহিত করে নিকটস্থ স্বাস্থ্যকেন্দ্রে প্রেরণের ব্যবস্থা করণ।

৫২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে। সংশ্লিষ্ট দপ্তরপ্রধানগণ উপর্যুক্ত নির্দেশনাবলী বাস্তবায়নের ক্ষেত্রে প্রযোজনীয় কর্মপন্থা নির্ধারণ করে জাতীয় রাজস্ব বোর্ডকে এর অগ্রগতি অবহিত করণের জন্য অনুরোধ করা হলো।

  
(মোঃ সাইফুল ইসলাম) ২২.০৩.২০২০  
সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সদস্য (শুল্ক ও ভ্যাট), সকল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আগীলাত ট্রাইবুনাল, ঢাকা।
- ৩। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/মোংলা/বেনাপোল/আইসিডি/পানগাঁও।
- ৪। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ/পূর্ব/পশ্চিম)/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/রংপুর।
- ৫। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম/কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
- ৬। কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (এলটিইউ) ভ্যাট, ঢাকা/ শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
- ৭। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আগীল) কমিশনারেট (ঢাকা-১/ ঢাকা-২/ চট্টগ্রাম/ খুলনা)।
- ৮। প্রকল্প পরিচালক, ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রজেক্ট/ভ্যাট অনলাইন প্রকল্প/বন্ড অটোমেশন প্রকল্প, ঢাকা।

তানুলিপি (সদয় অবগতির জন্য):

পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।